

এইচএসসি-সমমান পরীক্ষা
প্রথম দিন অনুপস্থিত
৮ হাজার ৭৩৪

- বহিষ্কার মাত্র ৩৩ জন
- প্রতারক অধ্যক্ষ পুলিশ হেফাজতে

নিম্ন বার্তা পরিবেশক

এইচএসসি ও সমমানের পরীক্ষার প্রথম দিনেই অনুপস্থিত ৮ হাজার ৭৩৪ জন এবং বহিষ্কার ৩৩ জন পরীক্ষার্থী। গতকাল প্রথম দিন সন্ধ্যা (আবশ্যিক) উপকরণের পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রথমবারের মতো বাংলা ১ম পত্রের (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষা সূজনশীল প্রশ্ন পদ্ধতিতে অনুষ্ঠিত হয়েছে। সূজনশীল প্রশ্নসমূহের মধ্যে ৬০ এবং বহু নির্বাচনী প্রশ্নে ৪০ নম্বর থাকবে।

অনুপস্থিত পরীক্ষার্থীদের মধ্যে ঢাকা শিক্সা বোর্ডে এক হাজার ৭৫৭ জন, কুমিল্লা বোর্ডে ৮১৩ জন, যশোর বোর্ডের ৮৫৬ জন, রাজশাহী বোর্ডে ৯৬০ জন, চট্টগ্রাম বোর্ডে ৫৪০ জন, সিলেট বোর্ডে ৩৭২ জন, বরিশাল বোর্ডে ৩৭৯ জন, দিনাজপুর বোর্ডে ৭০৬ জন, মাদ্রাসা বোর্ডে এক হাজার ২৯৭ জন এবং কারিগরি বোর্ডে এক হাজার ৫৪ জন।

অন্য বহিষ্কৃত শিক্ষার্থীদের মধ্যে ঢাকা শিক্সা বোর্ডে তিনজন, কুমিল্লা বোর্ডে একজন, যশোর বোর্ডের দু'জন, চট্টগ্রাম বোর্ডে দু'জন, বরিশাল বোর্ডে একজন, মাদ্রাসা বোর্ডে ৯ জন এবং কারিগরি বোর্ডে ১৫ জন।

প্রতারক অধ্যক্ষ পুলিশ হেফাজতে : তুরা কামজপত্র দেখিয়ে পরীক্ষার্থীদের প্রবেশপত্র আনতে গিয়ে গত শনিবার ঢাকা শিক্সা বোর্ডে আটক হওয়া রাজধানীর মিরপুর মডেল কলেজের অধ্যক্ষ আজিজুল হক আজিজকে গতকাল চকবাজার থানা পুলিশের কাছে সোপর্দ করা হয়। পরে চকবাজার থানা পুলিশ ওই শিক্ষককে কাফরুল থানা পুলিশের কাছে হস্তান্তর করে। কাফরুল থানা পুলিশ গতকালই তাকে নিয়মিত আদালতে হাজির করে।

শিক্ষামন্ত্রীর কেন্দ্র পরিদর্শন : শিক্ষামন্ত্রী মুকুল ইসলাম নাহিদ বলেছেন, এইচএসসি পরীক্ষার্থীরা মনমত, জ্ঞাত-ধর্ম-কর্ম নির্বিঘ্নে আনাদেরই সন্তান। তাদের পরীক্ষা সুষ্ঠু, নিরাপদ ও সুন্দরভাবে শেষ করানো সবার দায়িত্ব। এক্ষেত্রে রাজনৈতিক দলগুলো নিস্তব্ধ।

এইচএসসি : সমমান পরীক্ষা

(১ম পত্রের পর)
দ্বিপ্রতিষ্ঠান ভূমিকা পালন করবে।
শিক্ষামন্ত্রী গতকাল এইচএসসি ও সমমানের পরীক্ষা ২০১২-এর প্রথম দিনে ঢাকা কলেজ কেন্দ্র পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে প্রেস্মোক্তরকালে এ আশাবাদ ব্যক্ত করেন।

তিনি বলেন, বর্তমান সরকার পাবলিক পরীক্ষা পরিচালনার অতীতপূর্ব ইতিবাচক পরিবর্তন এনেছে। আমরা নকলমুক্ত পরীক্ষা, প্রশ্নপত্র ফাঁস রোধ করার পাশাপাশি শান্তিপূর্ণ, সুষ্ঠু ও নিরাপদ পরীক্ষার হল নির্মিত করেছি। পরীক্ষা পরিচালনায় স্থানীয় নেতা, জনপ্রতিনিধিরা সর্বাঙ্গিক সহযোগিতা প্রদান করলেও কেউ হলে চোকে ন। তিনি বলেন, পরীক্ষার ফলাফল প্রকাশে তথ্যপ্রমাণের বন্নিবেশ ঘটানো হয়েছে। গত বছর থেকে আমরা পেপারলেস ফলাফল প্রকাশ করছি।

বেশকিছু পরীক্ষার্থীর প্রবেশপত্র না পাওয়া সম্পর্কে প্রস্নোক্তের শিক্ষামন্ত্রী বলেন, যারা যোগ্য পরীক্ষার্থী তাদের সবাইকে প্রবেশপত্র দেয়া হয়েছে। কৃতিপর্যবেক্ষণের অধ্যক্ষ যোগ্যতা না থাকা সত্ত্বেও অনিয়ম ও দুর্নীতি করে ছাত্রছাত্রীদের কাছ থেকে অর্থ গ্রহণ করেছে। এ বিষয়ে সুষ্ঠু তদন্ত করে দেখা হবে এবং অনিয়ম ধরা পড়লে কঠোর গণ্ডি প্রদান করা হবে। মন্ত্রী পরীক্ষা সংক্রান্ত সবাইকে সতর্কতা, হিট্টা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালনের পরামর্শ দেন। তিনি নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরীক্ষা পরিচালনায় সংশ্লিষ্ট সব কর্মকর্তা, শিক্ষক, অভিভাবক, জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতাকর্মীসহ সবার সহযোগিতা কামনা করেন।

কেন্দ্র পরিদর্শনকালে শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর মোহাম্মদ-উর-রশীদ, ঢাকা শিক্সা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ফাহিমা বাতুন, মাদ্রাসা শিক্সা বোর্ডের চেয়ারম্যান আবদুল নূর, কারিগরি শিক্সা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আবুল কাশেম প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রবাস্যত, দেশের ৮টি সাধারণ, মাদ্রাসা ও কারিগরি শিক্সা বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে ৯ লাখ ২৬ হাজার ৮১৪ জন শিক্ষার্থী। এর মধ্যে ৪ লাখ ৯৬ হাজার ৩৯৫ জন ছাত্র এবং ৪ লাখ ৩০ হাজার ৪১৯ জন ছাত্রী। দুই হাজার ১৯৫টি কেন্দ্রে একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। গত হাজার ৫৫৬টি কলেজের কুয়েতীয় পরীক্ষায় অংশ নিচ্ছে।

এইচএসসি : পৃষ্ঠা : ১১